গত ০৩-১১-২০১৬খ্রিঃ রোজ-বৃহস্পতিবার বেলা ১১.৩০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের অক্টোবর/২০১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	জনাব শেখ মুহম্মদ মারুফ হাসান বিপিএম অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
তারিখ	ঃ	০৩-১১-২০১৬ খ্রিঃ ।
সময়	ঃ	বেলা ১১.৩০ ঘটিকা।
স্থান	ঃ	ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ

১। জনাব কৃষ্ণ পদ রায়, যুগ্ম-পুলিশ কমিশনার (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২। জনাব মাশরুকুর রহমান খালেদ, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
৩। জনাব মোঃ সাজ্জাদুর রহমান, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম) ডিএমপি, ঢাকা।
৪। জনাব মোঃ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
৫। জনাব খোন্দকার নূরন্নবী, পিপিএম, (সেবা), উপ-পুলিশ কমিশনার(গোয়েন্দা-পূর্ব) ডিএমপি, ঢাকা।
৬। জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার(সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন) ডিএমপি, ঢাকা।
৭। জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ডিএমপি, ঢাকা।
৮। জনাব মোহাম্মদ সোহেল রানা সিনিঃ এসি (উত্তরা জোন) ডিএমপি, ঢাকা।
৯। জনাব মোহাম্মদ নুর আলম, সিনিঃ এসি (খিলগাঁও জোন), ডিএমপি, ঢাকা।
১০। জনাব মোঃ রেজাউর রহমান, সিনিঃ এসি (দক্ষিণখান জোন), ডিএমপি, ঢাকা।
১১। জনাব নাজমুন নাহার, সিনিঃ এসি (নিউমার্কেট জোন), ডিএমপি, ঢাকা।
১২। জনাব মোঃ কামরুল ইসলাম, সিনিঃ এসি (শ্যামপুর জোন), ডিএমপি, ঢাকা।
১৩। জনাব এস এম তারেক রহমান, সিনিঃ এসি (ডেমরা জোন), ডিএমপি, ঢাকা।
১৪। জনাব কাজী মাহবুবুল আলম, সিনিঃ এসি (মিরপুর জোন), ডিএমপি, ঢাকা।
১৫। জনাব আবু তাহের মোহাম্মদ আব্দুল্লাহ, সিনিঃ এসি, (বাড্ডা জোন), ডিএমপি, ঢাকা।
১৬। জনাব মোঃ হাফিজ আল ফারুক, সিনিঃ এসি (মোহাম্মদপুর জোন), ডিএমপি, ঢাকা।
১৭। জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, সিনিঃ এসি(ধানমন্ডি জোন) ডিএমপি, ঢাকা।
১৮। জনাব এ বি এম জাকির হোসেন, এসি (পল্লবী জোন), ডিএমপি, ঢাকা।
১৯। জনাব রুহুল আমীন সাগর, এসি(এয়ারপোর্ট জোন), ডিএমপি, ঢাকা।
২০। জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন), ডিএমপি, ঢাকা।
২১। জনাব ইশতিয়াক হাসান আমীন,এসি (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২২। জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (মতিঝিল জোন), ডিএমপি, ঢাকা।
২৩। জনাব সৈয়দ মামুন মোস্তফা, এসি (দারুসসালাম জোন), ডিএমপি, ঢাকা।
২৪। জনাব সালাহ্ উদ্দিন, এসি (লালবাগ জোন), ডিএমপি, ঢাকা।
২৫। জনাব ইশতিয়াক আহমেদ, এসি(অপরাধ-২), ডিএমপি, ঢাকা।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। শাহবাগ থানার মামলা নং-০২ তারিখ-০৫/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ৩/৪জন মাদকাসক্ত ব্যক্তিদের মধ্যে গাঁজা নিয়ে মারামারির এক পর্যায়ে ছুরি দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। মামলার মূল আসামী সোহেলকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যায় ব্যবহৃত ছোরা উদ্ধার করা হয়েছে।প্রত্যক্ষদর্শী একজন সাক্ষীর জবানবন্দি ১৬৪ ধারা মোতাবেক রেকর্ড করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়** ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। কামরাঙ্গীরচর থানার মামলা নং-০৮ তারিখ-১১/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ০২জন শিশু কর্তৃক অপর ০১জন শিশুকে পানিতে ডুবিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২জন অপরাধীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। গ্রেফতারকৃতরা বর্তমানে টঙ্গী কিশোর সংশোধনাগারে আছে। ভিকটিমের ময়নাতদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। যাত্রাবাড়ী থানার মামলা নং- ০৮ তারিখ-০৩/১০/১৬ খ্রিঃ ধারা-৩২৬/৩০৭/৩০২/৩৮০পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, ফার্নিচার মেরামত নিয়ে টাকা পয়সা লেনদেনের ফলে সৃষ্ট দ্বন্দ্বের কারণে ভিকটিমকে ধারালো অস্ত্র দিয়ে জখম করে হত্যা করা হয়। অত্র মামলার ঘটনায় মূল আসামী কাঠমিস্ত্রিকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় লুণ্ঠিত মোবাইল, নগদ টাকা ও স্বর্ণালংকার উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। যাত্রাবাড়ী থানার মামলা নং- ৬৬ তারিখ-১৯/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, ফল বিক্রেতাদের মধ্যে ভ্যান গাড়ী সরানোকে কেন্দ্র করে তর্ক-বিতর্কের এক পর্যায়ে মারামারির ঘটনায় ভিকটিম মারা যায়। মামলার ঘটনায় এজাহারনামীয় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামীদ্বয় বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ভিকটিমের ময়নাতদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। ডেমরা থানার মামলা নং-১৪ তারিখ-১১/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় ০৫জন আসামীর মধ্যে ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। অন্যান্য আসামীরা পলাতক রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। কদমতলী থানার মামলা নং- ৫৭ তারিখ-২৫/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ওয়াসার স্লুইস গেইটে অজ্ঞাতনামা লাশ পাওয়ার ঘটনা। ঘটনার তিন দিন পর লাশ সনাক্ত হয় এবং ঘটনার সহিত জড়িত ০২জন আসামীকে গ্রেফতার করা হয়। তাদের সহযোগী আরো ৩/৪জন হেরোইনখোরদের গ্রেফতারের প্রচেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) আসামীদের স্বীকারোক্তি বিজ্ঞ আদালতে রেকর্ড করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। কদমতলী থানার মামলা নং- ৭০ তারিখ-২৯/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ছেলে কর্তৃক তার বাবাকে হত্যার ঘটনা। মামলার মূল আসামী ঘাতক ছেলেকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। বাড্ডা থানার মামলা নং- ৩৪ তারিখ-২৭/১০/১৬ খ্রিঃ ধারা-৩২৮/৩০৯/৩০২পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি মা কর্তৃক তার সন্তানকে ঘুমের ট্যাবলেট জাতীয় ঔষুধ প্রয়োগ করে হত্যা ও নিজে আত্মহত্যার চেষ্টার ঘটনা। মামলা সংক্রান্তে আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) ঘটনাস্থল হতে জব্দকৃত ফিডারের অবশেষ অতি দ্রুত রাসায়নিক পরীক্ষার জন্য প্রেরণ করা ও প্রত্যক্ষদর্শী সাক্ষীদের জবানবন্দী বিজ্ঞ আদালতে রেকর্ড করানোর ব্যবস্থা গ্রহণে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। তেজগাঁও থানার মামলা নং-০৬ তারিখ-০৬/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার মূল আসামী আকাশ ও শান্তকে লক্ষীপুর হতে গ্রেফতার করা হয়। তাদের দেয়া তথ্যমতে সৈকতসহ মোট ০৫জন কে গ্রেফতার করা হয়। তন্মধ্যে ০৩জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় ব্যবহৃত ছুরি জব্দ করা হয়েছে। প্রত্যক্ষদর্শী ০১জন সাক্ষীর জবানবন্দী ১৬৪ ধারা মোতাবেক রেকর্ড করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। তেজগাঁও থানার মামলা নং-০৯ তারিখ-০৯/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি স্বামী কর্তৃক তার স্ত্রীকে গলায় ওড়না পেঁচিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামী ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ওড়নাটি জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। মোহাম্মদপুর থানার মামলা নং-৫৯ তারিখ-২০/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম আত্মহত্যা করেছে বলে মনে হয়। ঘটনাস্থল হতে ভিকটিমের লেখা ডায়রীতে একটি সুইসাইডাল নোট পাওয়া গেছে। ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট পাওয়া গেলে সিদ্ধান্ত গৃহীত হবে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। কাফরুল থানার মামলা নং-১৩ তারিখ-০৫/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৮১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অবসরপ্রাপ্ত এক সেনা কর্মকর্তাকে হত্যার ঘটনা। ঘটনার সাথে বাসার কাজের ছেলেকে সন্দেহ করা হচ্ছে। ঘটনার পর হতে সে পলাতক রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) সন্দিগ্ধ আসামীর বাড়ী চিহ্নিত করে তার অবস্থান সর্ম্পকে তথ্য সংগ্রহ করে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। ভাষাণটেক থানার মামলা নং-১১ তারিখ-১০/১০/১৬ খ্রিঃ ধারা-৩২৬/৩০৭/১১৪/৫০৬ সংযোজিত ৩০২ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে বাসার নিচে এসে গুলি করে হত্যার ঘটনা। মামলা সংক্রান্তে কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। ভাষাণটেক থানার মামলা নং-১২ তারিখ-১১/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলা সংক্রান্তে এথাহারনামীয় ০৩জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০৩জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত রক্তমাখা ছুরি ও রশি জব্দ করা হয়েছে। ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট পেয়ে অভিযোগপত্র দাখিল করা হবে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। পল্লবী থানার মামলা নং-৬১ তারিখ-৩০/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর তদন্ত জানান যে, অত্র মামলার প্রধান আসামী কাল্লুকে গ্রেফতার করার জন্য বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হচ্ছে। কাল্লুর একজন সহযোগীকে ইতিমধ্যে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ঘটনায় জড়িত মূল আসামী কাল্লুসহ অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। তুরাগ থানার মামলা নং-০৭ তারিখ-০৯/১০/১৬ খ্রিঃ ধারা-২০১/৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ভিকটিমের খালু কর্তৃক ভিকটিমকে হত্যার ঘটনা। মূল আসামী ঘাতক খালুকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। তুরাগ থানার মামলা নং-০৯ তারিখ-১১/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা বস্তাবন্দি একটি মৃতদেহ পাওয়ার ঘটনা। নির্বাচন কমিশন কর্তৃক ফিঙ্গার প্রিন্ট সংগ্রহ করেও লাশ সনাক্ত করা সম্ভব হয়নি। ভিকটিমের ডিএনএ নমুনা সংগ্রহ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ঘটনার সহিত জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দেয়া হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। উত্তরখান থানার মামলা নং-১৫ তারিখ-২২/১০/১৬ খ্রিঃ ধারা-৩০২পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক তার স্ত্রীকে হত্যার ঘটনা। ভিকটিমের স্বামী ইয়াবা আসক্ত তাকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) সিরিয়াস ক্রাইমের সহায়তা নিয়ে আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। দক্ষিণখান থানার মামলা নং-২৯ তারিখ-৩০/১০/১৬ খ্রিঃ ধারা- ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিম নার্গিসকে হত্যা করে লাশ রেখে পালিয়ে যাওয়ার ঘটনা। হত্যাকান্ডে জড়িত আসামীদের গ্রেফতার করার জন্য বরিশালে অভিযান অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রকৃত আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। তেজগাঁও থানার মামলা নং-১০ তাং-১০/১০/১৬খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে উপ-পুলিশ কমিশনার (সিটি) জানান যে, অত্র মামলাটি জেএমবি সদস্য কর্তৃক ডাকাতির ঘটনা। নরসিংদী জেলায় সংঘটিত একটি ডাকাতি মামলার ঘটনার জেরে আসামীদের জিজ্ঞাসাবাদ করে অত্র মামলার ডাকাতি যাওয়া টাকা-পয়সা ও স্বর্ণলংকার উদ্ধার করা হয়। মামলাটি বর্তমানে কাউন্টার টেরোরিজম বিভাগে তদন্তাধীন আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। শাহবাগ থানার মামলা নং- ২৭ তাং-২৪/১০/১৬খ্রিঃ ধারা- ৩৯২/৪১১ তৎসহ বিস্ফোরক উপাদানাবলী আইনের ৩ ধারা।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে ইন্সপেক্টর(তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমকে চাকুর ভয় দেখিয়ে ও ককটেল বিস্ফোরন করে ৩,৮৯,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। ঘটনাস্থল হতে উপস্থিত জনতা ও পুলিশের সহতায়তায় একজন আসামী ৫০,০০০/-টাকা সহ হাতেনাতে ধৃত হয়। অপর ০৩জন আসামী পালিয়ে যায়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) অন্যান্য আসামী গ্রেফতার এবং বাকী টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। নিউমার্কেট থানার মামলা নং-০২ তারিখ-০৩/১০/১৬ খ্রিঃ ধারা-১৪৩/৩২৪/৩২৬/৩৮০/৩৮৫/৩৯৪/৪৪৮/৫০৬(২)/১০৯/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি বিজ্ঞ আদালতের নির্দেশে রুজু করা হয়। অত্র মামলার ঘটনাটি মিথ্যা বলে প্রতীয়মান হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। নিউমার্কেট থানার মামলা নং-০৯ তারিখ-০৯/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলায় এজাহারনামীয় ০১ জন আসামী হাতোনাতে গ্রেফতার হয়েছে। ছিনতাইকৃত মোবাইল সেট উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। কলাবাগান থানার মামলা নং-০৩ তারিখ-০৭/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলায় এজাহারনামীয় ০১ জন আসামীকে হাতোনাতে গ্রেফতার করা হয়েছে। ঘটনায় ব্যবহৃত ছুরি জব্দ করা হয়েছে। পলাতক আসামী শাওনকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) পলাতক আসামী গ্রেফতারসহ মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-৭৯ তারিখ-২২/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯২পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমকে বাস হতে নামিয়ে মটর সাইকেলে উঠিয়ে ১৩,০০,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। অত্র মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলাটি সিরিয়াস ক্রাইম বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। খিলগাঁও থানার মামলা নং-৩৫ তারিখ-২০/১০/১৬ খ্রিঃ ধারা-১৭০/৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি ডিবি পুলিশ পরিচয়ে ছিনতাইয়ের ঘটনা। মামলার ঘটনায় ০১জন আসামী হাতেনাতে ধৃত হয় এবং অন্য আসামীরা টাকা নিয়ে পালিয়ে যায়। পলাতক অন্যান্য আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক(তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন

২৭। রামপুরা থানার মামলা নং-১০ তারিখ-০৫/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি বাসায় ঢুকে ভিকটিমের হাত-পা বেঁধে নগদ টাকা ও স্বর্ণালংকার ছিনতাইয়ের ঘটনা। মামলা সংক্রান্তে ০৩জন সন্দিগ্ধ আসামীদের গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোর্পদ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রকৃত আসামী গ্রেফতারসহ মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক(তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন

২৮। রামপুরা থানার মামলা নং-১৩ তারিখ-০৬/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত)জানান যে, অত্র মামলার ঘটনাটি পুলিশ সদস্যকে চাপাতি দিয়ে কুপিয়ে ছিনতাইয়ের ঘটনা। মামলা সংক্রান্তে ঘটনাস্থলের ভিডিও ফুটেজ সংগ্রহ করে ০৩জন আসামীকে সনাক্তপূর্বক ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জনই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। প্রত্যক্ষদর্শী ০২ জন সাক্ষীর জবানবন্দী ১৬৪ ধারায় রেকর্ড করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। বিমানবন্দর থানার মামলা নং-০৮ তারিখ-০৮/১০/১৬ খ্রিঃ ধারা- ৩৯২পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি একজন আইনজীবীকে ধারালো ছুরি দ্বারা ভয় দেখিয়ে মোবাইল ও নগদ টাকা ছিনতাইয়ের ঘটনা। মামলা সংক্রান্তে সন্দিগ্ধ ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রকৃত আসামী গ্রেফতারসহ মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। তুরাগ থানার মামলা নং-০৬ তারিখ-০৭/১০/১৬ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি বালুর ট্রাকের গতিরোধ করে চালকের মোবাইল ছিনতাইয়ের ঘটনা। মামলা সংক্রান্তে ০১জন আসামীকে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে। পলাতক অন্যান্য আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। রমনা মডেল থানার মামলা নং-৩১ তাং-২০/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৫১১/৫০৬ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত)জানান যে, অত্র মামলার ঘটনা তদন্তে ভিকটিমকে অপহরণের চেষ্টার কোন তথ্য পাওয়া যায়নি। ব্যবসায়িক লেনদেনের জেরে সৃষ্ট দ্বন্দ্বের ফলে অত্র মিথ্যা মামলাটি রুজু করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। ধানমন্ডি মডেল থানার মামলা নং-০৯ তাং-১৬/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত)জানান যে, অত্র মামলার ভিকটিমকে এখনো উদ্ধার করা সম্ভব হয়নি। ভিকটিমকে উদ্ধারের জন্য চট্রগ্রামসহ বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) ভিকটিমকে দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। যাত্রাবাড়ী থানার মামলা নং-২৫ তাং-০৯/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৬/৩৪পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় বিকাশের টাকা লেনদেনের সূত্র ধরে নারায়নগঞ্জের ফতুল্লা হতে ০৩জন আসামী গ্রেফতারসহ ভিকটিমকে উদ্ধার করা হয়। অত্র মামলার ভিকটিম বিজ্ঞ আদালতে ১৬৪ ধারায় জবানবন্দী প্রদান করেছেন।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) যে স্থান হতে ভিকটিমকে উদ্ধার করা হয়েছে সে স্থানের তত্ত্বাবধায়কের জবানবন্দী লিপিবদ্ধকরণের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। রামপুরা থানার মামলা নং-৪০ তাং-২৪/১০/১৬খ্রিঃ ধারা-৩৪২/৩৪৭/৩৬৪/৩৮৫/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, ব্যবসায়িক লেনদেনের জেরে সৃষ্ট দ্বন্দ্বের ফলে অত্র মিথ্যা মামলাটি রুজু করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৫। দারুসসালাম থানার মামলা নং-১০ তাং-০৫/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলা সংক্রান্তে এজাহারনামীয় আসামীদের গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। আসামীরা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৬। মিরপুর মডেল থানার মামলা নং-৩০ তাং-১২/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৪/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম) জানান যে, জমি ক্রয়-বিক্রয় সংক্রান্ত লেনদেনের জেরে অত্র মামলার ভিকটিমকে অপহরণ করা হয়। অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) ভিকটিমকে দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৭। মিরপুর মডেল থানার মামলা নং-৫৩ তাং-২২/১০/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৬/৩৭৯ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলা সংক্রান্তে এজাহারনামীয় আসামীদের গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। আসামীরা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। বেশিরভাগ মামলার রহস্যই উদঘাটিত হয়েছে। বিশেষ করে খুন মামলার অগ্রগতি নিয়ে প্রশংসা করা হয়। সভাপতি মহোদয় আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। তদন্তের ক্ষেত্রে জোনাল এসিদের মাঠে গিয়ে মামলার তদন্ত তদারকী করার নির্দেশ দেন। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করতে হবে। এ লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/ লালবাগ/ মতিঝিল/ ওয়ারী/ গুলশান/ মিরপুর/ তেজগাঁও/ উত্তরা বিভাগে গত অক্টোবর/১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি ও দস্যুতা মোট ৩৭ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১২ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি

মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি(সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৬/অংশ-৪/ তারিখ- -১১-২০১৬খ্রিঃ।

<u>**অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ**</u>

১।	উপ-পুলিশ কমিশনার(রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা ডিবি- উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।	অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২।	এসি (রমনা/ধানমন্ডি/নিউমার্কেট/খিলগাঁও/লালবাগ/ডেমরা/শ্যামপুর//দক্ষিণখান/উত্তরা/বিমানবন্দর /বাড্ডা/দারুসসালাম/মিরপুর/পল্লবী/তেজগাঁও/মোহাম্মদপুর) ডিএমপি, ঢাকা।	
৩।	পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।	
৪।	পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।	অবগতির জন্য।
৫।	পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।	
৭।	অফিস নথি।	

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd